

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইফটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৫৭.১৮-২৯৫

তারিখ: ১৭.০৭.২০১৮খ্রি.

বিষয়: রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন সাহাপুর দ্বি-মুখী দাখিল মাদরাসার সুপার, জনাব মো: আমিনুল ইসলাম এর বকেয়া বেতন-ভাতা সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) সাহাপুর দ্বি-মুখী দাখিল মাদরাসার সুপার এর আবেদন

তারিখ: ২৮.১২.২০১৭খ্রি.

(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের স্মারক নং-উ:মা:শি:অ:/পীর:রং/২০১৮/০৪

তারিখ: ০৬.০১.২০১৮ খ্রি:


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন সাহাপুর দ্বি-মুখী দাখিল মাদরাসার সুপার, জনাব মো: আমিনুল ইসলাম মাদরাসার ম্যানেজিং কমিটি কর্তৃক সাময়িক বরখাস্ত থাকাকালীন সময়ের বকেয়া বেতন ভাতার সরকারি অংশের টাকা প্রাপ্তির জন্য আবেদন করেছেন।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, ০২.০৩.২০১৩ খ্রি. তারিখে তৎকালীন ম্যানেজিং কমিটি কর্তৃক সুপার, জনাব মো: আমিনুল ইসলামকে সাময়িক বরখাস্ত করা হয়। পরবর্তীতে সুপার, জনাব মো: আমিনুল ইসলামের সাময়িক বরখাস্ত প্রত্যাহার করা হয়।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদে উল্লেখ আছে “প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এম.পি.ও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।”

০৪. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ এর নির্দেশনার অন্তর্ভুক্ত বিধায় মহোদয়ের আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৫. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সুপার, সাহাপুর দ্বি-মুখী দাখিল মাদরাসাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মো: আবদুল মুকীত)

সহকারী পরিচালক (অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ই-মেইল: adfinance.dme@gmail.com

সুপার,
সাহাপুর দ্বি-মুখী দাখিল মাদরাসা।
ডাক: জাহাঙ্গীরাবাদ, উপজেলা: পীরগঞ্জ, জেলা: রংপুর।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রংপুর অঞ্চল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, রংপুর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগঞ্জ, রংপুর।
- ৫। সভাপতি, সাহাপুর দ্বি-মুখী দাখিল মাদরাসা, ডাক: জাহাঙ্গীরাবাদ, উপজেলা: পীরগঞ্জ, জেলা: রংপুর।
- ৬। অফিস কপি।